গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
(এস, এ শাখা)
www.jessore.gov.bd

নম্বর: ০৫.৪৪.৪১০০.০০৫.১৫.০০৬.২৬- ৮২০(৩০)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২
১২ মার্চ ২০২৬

## সাধারণ আবেদনে (ম্যানুয়াল পদ্ধতিতে) জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের, সায়রাত-১ অধিশাখা এর স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২.২৫.১০৮, তারিখঃ ২৪ ফেব্রুয়ারি, ২০২৬ মূলে জারিকৃত পত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাধারণ আবেদনের (ম্যানুয়াল পদ্ধতিতে) আওতায় সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫ অনুচ্ছেদ অনুযায়ী যশোর জেলার ২০ (বিশ) একরের উর্ধ্বের আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহাল বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে ইজারা প্রদান করা হবে। ইজারা লাভের জন্য কোন আগ্রহী সমিতি নিম্নোক্ত সময় সূচি অনুযায়ী দরপত্র ক্রয় ও দাখিল করতে পারবেন।

তফসিল

| ক্র: নং | জলমহালের নাম ও আয়তন | সরকারি ইজারা মূল্য | ১ম বার (৩য় পর্যায়) | | ২য় বার (৪র্থ পর্যায়) | | ৩য় বার (৫ম পর্যায়) | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | আবেদন পত্র ক্রয় | আবেদন পত্র দাখিল | আবেদন পত্র ক্রয় | আবেদন পত্র দাখিল | আবেদন পত্র ক্রয় | আবেদন পত্র দাখিল | |
| ১ | রাধানগর বাওড় (বদ্ধ), বাঘারপাড়া ৭৭.৬২ একর (কম/ বেশী) | ৬,০০,৮৬৩/- | ১৫ মার্চ ২০২৬ হতে ২৯ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত | ৩০ মার্চ ২০২৬ দুপুর ১২:০০ টা | ০১ এপ্রিল ২০২৬ হতে ১৫ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত | ১৬ এপ্রিল ২০২৬ দুপুর ১২:০০ টা | ২১ এপ্রিল ২০২৬ হতে ০৫ মে ২০২৬ তারিখ পর্যন্ত | ০৬ মে ২০২৬ দুপুর ১২:০০ টা | কোন জলমহাল নিয়ে বিজ্ঞ আদালতে মামলা চলমান থাকলে উক্ত মামলা যে পর্যায়ে প্রত্যাহার/ নিষ্পত্তি হবে সে পর্যায়ে ইজারা প্রদান করা হবে অথবা মামলায় কোন নিষেধাজ্ঞা বা অন্য কোন আদেশ থাকলে সে মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ২ | হামিদপুর বাওড় (বদ্ধ), যশোর সদর, যশোর ৪৩.০৯ একর (কম/ বেশী) | ১০,৬৮,৮৪৫/- | ১৫ মার্চ ২০২৬ হতে ২৯ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত | ৩০ মার্চ ২০২৬ দুপুর ১২:০০ টা | ০১ এপ্রিল ২০২৬ হতে ১৫ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত | ১৬ এপ্রিল ২০২৬ দুপুর ১২:০০ টা | ২১ এপ্রিল ২০২৬ হতে ০৫ মে ২০২৬ তারিখ পর্যন্ত | ০৬ মে ২০২৬ দুপুর ১২:০০ টা | |

উল্লেখ্য (১) আবেদপত্র দাখিলের দিনে বেলা ১.০০ টায় আবেদনপত্র দাখিলের বাক্স খোলা হবে; (২) আবেদনপত্র দাখিলকারীগণ ইচ্ছা করলে দরপত্র বাক্স খোলার সময় উপস্থিত থাকতে পারবেন; (৩) আবেদন সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালিন এ কার্যালয়ের রাজস্ব (এসএ) শাখা হতে জানা যাবে; (৪) ইজারার অন্যান্য শর্তাবলী ইজারার আবেদনপত্রের সাথে সংযুক্ত থাকবে; (৫) বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের ইজারার আবেদন ১ম বারে (৩য় পর্যায়ে) পাওয়া না গেলে পরবর্তীতে ২য় বারে (৪র্থ পর্যায়ে) ও একইভাবে ৩য় বারে (৫ম পর্যায়ে) ইজারার আবেদন গ্রহণ করা হবে; (৬) অফিস সময়ের মধ্যে জেলা প্রশাসক, যশোর কার্যালয়ের এসএ শাখা, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) কার্যালয় হতে ৫০০/- (পাঁচশত টাকা মাত্র) টাকা মূল্যে আবেদন ফরম ক্রয় করতে হবে; (৭) বর্ণিত ধার্য তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, যশোর-এর এসএ শাখায় রক্ষিত দরপত্র বাক্সে সিলগালা ও মুখবন্ধ খামে আবেদন দাখিল করতে হবে; (৮) এ সংক্রান্ত শর্ত/তথ্যাদি জেলা প্রশাসক, যশোর ওয়েবসাইটে এবং সিডিউল সেটের সাথে পাওয়া যাবে।

<u>শর্তসমূহ</u>

১। আবেদনের সাথে প্রকল্প ছকে সাধারণ আবেদনের বিস্তারিত বিবরণ দাখিল করতে হবে।

২। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিস্ট্রেশনের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৩। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে।

৪। আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্যই প্রকৃত মৎস্যজীবী এই মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৫। প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এমন অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

৬। সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা, সে সংক্রান্তে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৭। সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্রের ও মৎস্য কার্ডের সত্যায়িত কপি, সমিতির গঠনতন্ত্রের সত্যায়িত কপি, সমিতির কার্যবিবরণী, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংকস রুলস অনুসারে) কপি দাখিল করতে হবে।

৮। যে কোন আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।

৯। আবেদন ফরমের সাথে জেলা প্রশাসক বরাবর উদ্ধৃত মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে জামানত হিসেবে দাখিল করতে হবে এবং বিগত তিন বছরের অর্থাৎ ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থ বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। উল্লেখ্য, নতুন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে না। জামানতের টাকা ইজারাপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১০। মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তার নিকট হতে প্রত্যয়নপত্র সংগ্রহ পূর্বক দাখিল করতে হবে।

১১। জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত ইজারা দরপত্র দাতাকে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে সম্পূর্ণ ইজারার অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১২। ইজারা গ্রহীতাকে ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারাদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

১৩। ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে এবং কেবল ইজারা চুক্তি সম্পাদনের পরই সংশ্লিষ্ট জলমহালের দখল ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দেয়া হবে।

১৪। ১ম বছরের নির্ধারিত ইজারা মূল্যই পরবর্তী ২য়, ৩য় বছর আদায় করা হবে।

১৫। জলমহাল যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় আবেদন ফরমে উল্লেখপূর্বক ইজারা গ্রহণ করতে হবে। আবেদন ফরম দাখিলের পূর্বেই সংশ্লিষ্ট জলমহাল সম্পর্কে সরেজমিনে প্রকৃত অবস্থা সঠিকভাবে দেখে আবেদন পত্র দাখিল করতে হবে। পরে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না, কিংবা জলমহালের বর্তমান আয়তন এবং দখল নামায় উল্লিখিত আয়তনের মধ্যে হেরফের হলেও কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৬। কোন ঘষা মাজা বা কাটাকাটি বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১৭। জলমহালের ইজারা বাংলা সনের যে কোন সময়ে চূড়ান্ত হলেও তার মেয়াদ ঐ সনের ০১ (এক) বৈশাখ হতে কার্যকর হবে এবং ৩০ (ত্রিশ) চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে, পরবর্তী ০১ (এক) বৈশাখ থেকে নতুন বছরের কার্যক্রম শুরু হবে। ইজারাদার পূর্বের সময়ের খাস আদায়ের অর্থ দাবী করতে পারবেন না।

১৮। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন-কে দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৯। যদি ইজারা গ্রহীতা নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ বৎসর শেষ হওয়ার পূর্বেই বৎসরের নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন তবে তার জন্য কোন অজুহাত বিবেচনা করা হবে না এবং তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ নতুন করে সংশ্লিষ্ট জলমহাল ইজারা প্রদান করতে পারবেন।

২০। ইজারাদার সমিতিকে সরকারের নির্দেশনা মোতাবেক উদ্বৃত্ত দরের উপর ১৫% হারে ভ্যাট এবং ১০% হারে আয়কর প্রদান করতে হবে।

২১। সাধারণ আবেদনের আওতাভুক্ত জলমহালের ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই "মা" মাছ শিকার করতে পারবেন না, এর ব্যত্যয় ঘটলে পুরো ইজারা বাতিল করা হবে।

২২। ইজারাদার কোন অবস্থাতেই মহাল বা মহালের কোন অংশ বিশেষ সাবলীজ প্রদান করতে পারবেন না, কোন সাবলিজ দেয়া হলে জলমহালের ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

২৩। মামলাভুক্ত জলমহালগুলো যে পর্যায়ে নিষেধাজ্ঞা/স্থিতিবস্থার আদেশ প্রত্যাহার বা মামলা নিষ্পত্তি হবে সে পর্যায়ে ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে।

২৪। ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবেনা এবং উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার অথবা সরকারের নিকট ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন প্রকার সময় মঞ্জুর করা হবে না।

২৫। কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা এবং বাস্তবতার আলোকে প্রয়োজনে বিদ্যমান জলমহালের তফসিল হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬। এ ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা/অনুচ্ছেদসমূহ প্রযোজ্য হবে এবং বর্ণিত শর্তাবলী ছাড়াও উক্ত নীতির যে সকল ধারা/অনুচ্ছেদ যেখানে বা যথার্থ বলে বিবেচিত হবে তা প্রযোজ্য হবে। তাছাড়া সরকারি জলমহাল ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি (যদি থাকে) তা প্রযোজ্য হবে।


মোহাম্মদ আশেক হাসান
জেলা প্রশাসক
যশোর
ফোনঃ ০২৪৭৭৭৬২৬৫২
ই-মেইল-dcjessore@mopa.gov.bd


নম্বর: ০৫.৪৪.৪১০০.০০৫.১৫.০০৬.২৬- ৬২০(৩০)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ / ১২ মার্চ ২০২৬

অনুলিপি প্রেরণ: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩। পুলিশ সুপার, যশোর।
৪। জেলা মৎস্য কর্মকর্তা, যশোর।
৫। জেলা সমবায় কর্মকর্তা, যশোর।
৬। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর।
৭। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, যশোর।
৮। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, যশোর।
৯। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, যশোর।
১০-১৭। উপজেলা নির্বাহী অফিসার---------------------------------------------------- (সকল), যশোর।
২৫। সহকারী কমিশনার (ভূমি),------------------------------------------- (সকল), যশোর।
২৬। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য জেলা ওয়েব পোর্টাল আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
২৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,-------------------------- ইউঃ ভূমি অফিস, --------------------------- যশোর।
২৮। সম্পাদক, দৈনিক-----------------------------------------''জলমহাল ইজারা বিজ্ঞপ্তি'' আপনার পত্রিকায় ০১ (এক) দিনের জন্য ভিতরের পৃষ্ঠায় ৪ কলাম × ৯ ইঞ্চি আকারে প্রকাশ পূর্বক ০২ (দুই) কপি পত্রিকাসহ বিল প্রেরণ করার জন্য তাকে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
যশোর।